

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩২৫৭

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আহকাফ

بَابُ: وَمِنْ سُورَةِ الْأَحْقَافِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْأَسْوَدِ أَبُو عَمْرٍو الْبَصْرِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَبِيعَةَ، عَنِ ابْنِ جُرَيْجَ، عَنْ عَطَاءٍ، عَنْ عَائِشَةَ، رضى الله عنها قَالَتْ كَانَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا رَأَى مَخِيلَةً أَقْبَلَ وَأَدْبَرَ فَإِذَا مَطَرَتْ سُرِّيَ عَنْهُ . قَالَتْ فَقُلْتُ لَهُ . فَقَالَ " وَمَا أَدْرِي لَعَلَّهُ كَمَا قَالَ اللَّهُ تَعَالَى : (فَلَمَّا رَأَوْهُ عَارِضاً مُسْتَقْبِلَ أُوذِيَتِهِمْ قَالُوا هَذَا عَارِضٌ مُمْطَرُنَا ) " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ .

বাংলা

৩২৫৭. আবদুর রহমান ইবন আসওয়াদ আবু আমর বাসরী (রহঃ) ..... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মেঘের ঘনঘটা দেখতেন তখন অস্থির হয়ে একবার সামনে যেতেন আরেকবার পেছনে যেতেন। বৃষ্টি হয়ে গেলে তাঁর পেরেশানী বিদূরিত হত। আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেনঃ আমি এই বিষয়ে তাঁকে জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ কি জানি এই মেঘ হয়ত এমনও হতে পারে যেমন আল্লাহ্ তা'আলা এই আয়াতে ইরশাদ করেছেনঃ

فَلَمَّا رَأَوْهُ عَارِضاً مُسْتَقْبِلَ أُوذِيَتِهِمْ قَالُوا هَذَا عَارِضٌ مُمْطَرُنَا

তারা যখন তাদের উপত্যকার দিকে মেঘ আসতে দেখল তখন তারা বলতে লাগলঃ এই তো মেঘ আমাদের বৃষ্টি দান করবে। কিন্তু পরিণাম তা তাদের জন্য আঘাত বয়ে নিয়ে আসে (সূরা আহকাফ ৪৬ঃ ২৪)।

সহীহ, সহীহাহ ২৭৫৭, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৫৭ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান।

**English**

Narrated 'Aishah [may Allah be pleased with her]:

"When the Prophet (ﷺ) saw storm clouds he would pace back and forth. And when it rained, he would relax." She said: "I said something to him about that, and he said: 'What do I know? Maybe it is as Allah, Most High said: Then, when they saw it as a dense cloud approaching their valleys, they said: "This is a cloud bringing us rain (46:24).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38648>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন